

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা বিভাগ

কোর্স : পি জি ২.৩

বিষয় : বাংলা আত্মকথা ও প্রবন্ধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩×১০=৩০

- ১। রাসসুন্দরীর ‘আমার জীবন’-এ স্মৃতির ভূমিকার বিশেষত্বই আত্মজীবনী হিসেবে একে অনন্য করে তুলেছে। মন্তব্যটি বিচার করে এই বিষয়ে তোমার মত জানাও।
- ২। “বাহির বলিয়া একটি অনন্ত প্রসারিত পদার্থ ছিল যাহা আমার অতীত ... সে যান গরাদের ব্যবধান দিয়া নানা ইশারায় আমার সঙ্গে খেলা করিবার চেষ্টা করিত।” ‘জীবনস্মৃতি’র ‘ঘর ও বাহির’ অধ্যায়ে লিখিত এই অংশের তাৎপর্য নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

অথবা

- ৩। “চারিদিকের জীবন ও সৌন্দর্যের সঙ্গে বিচ্ছিন্ন হাঁসপাতাল ও জেলখানা-জাতীয় এক নির্মম বিভীষিকা”, নিজের স্কুল-জীবন সম্পর্কে কেন এমন কঠোর বাক্য প্রয়োগ করেন রবীন্দ্রনাথ, সে বিষয়ে তোমার অভিমত বুঝিয়ে দাও।
- ৪। “শকুন্তলা দেসদিমোনার সঙ্গে তুলনীয় এবং তুলনীয়ও নহে;” কেন তুলনীয় এবং কেন তুলনীয় নয়? বঙ্কিমের ‘শকুন্তলা মিরন্দা এবং দেসদিমোনা’ প্রবন্ধ অনুসারে বুঝিয়ে দাও।

অথবা

- ৫। “বাংলা ভাষায় অনেক ভাব সহজে ব্যক্ত করতে পারা যায় না”। সেইসব ভাব ‘ব্যক্ত’ করতে গেলে কী কী উপায় অবলম্বন প্রয়োজন? হরপ্রসাদ শাস্ত্রীর ‘নূতন কথা গড়া’ প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।
- ৬। রাজশেখর বসুর ‘নামতত্ত্ব’ প্রবন্ধে মধ্যবিত্ত বাঙালি পুরুষ ও মহিলাদের নামকরণের পিছনে সে সব সূত্রের উল্লেখ করেছেন সেগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

- ৭। যদি বলা হয় গোপাল হালদারের ‘রসনা ও রসগোল্লা’ এবং ‘রসনা-রসিক’ প্রবন্ধ দুটিতে রান্না-খাওয়ার পরিসরে বাঙালির ‘আইডেনটিটি’ উঠে এসেছে, তবে তুমি কি এই বক্তব্যকে সমর্থন করবে? এই সূত্রে সমকালীন আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট প্রবন্ধ দুটিতে কীভাবে ও কেন গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে?

★ ★ ★